[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল কাদের বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান (মুকুল), ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি লুুুৎফর রহমান, ২ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রেজাউল করিম মিন্টু, ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ডা: রবিউল হক,সাধারণ সম্পাদক রবিউল ইসলাম (রবি), ৭ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দীন, সাধারণ সম্পাদক আশরাফ আলী,৮ নং সভাপতি শহিদুল ইসলাম সর্দার, ৯ নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য সবুর উদ্দীন এছাড়াও ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ, ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সানাউল কবির (শিরিন), বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল মালেক সহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিভিন্ন ওয়ার্ডের আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

এসময় চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস বলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশে বঙ্গবন্ধুর আর্দশের গরীব দু:খি ও নেতাকর্মীদের বাড়ি বাড়ি যেয়ে তাদের সার্বিক খোঁজ খবর নিতে হবে, এবং চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য উন্নয়নের রুপকার হাজী আলী আজগর টগরের হাতকে শক্তিশালী করতে হবে। তিনি আরো বলেন আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নৌকাকে বিজয়ী করার লক্ষ্যে সকল নেতাকর্মীদের এক হয়ে কাজ করতে হবে। সর্বশেষ ইফতার পার্টির আয়োজন করা হয়।

দামুড়হুদায় কৃষি সেবায় সুশাসন প্রতিষ্ঠায় মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় কৃষি সেবায় সুশাসন প্রতিষ্ঠায় ও কৃষকদের ক্ষমতায়ন প্রকল্প (চাষাবাদ) গভীর নলকূপ, এল এলপি, সৌরবিদ্যুৎ চালিত সেচ পাম্প মালিক সভাপতি সেক্রেটারি ম্যানেজারগণের সাথে সেচ মূল্য সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ৩টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের আয়োজনে দি এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় রিসো’র বাস্তবায়নে উপজেলা শিল্পকলা অডিটোরিয়াম হলে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এর সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষক জোটের সাধারণ সম্পাদক অধ্যাপক শাহাজান আলী, উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, উপজেলা কৃষক জোটের সভাপতি ইমতিয়াজ হোসেন, সি:সহসভাপতি সামসুল ইসলাম, সাধারণ সম্পাদক আজাদুর রহমান, সংরক্ষিত মহিলা ইউপি সদস্য হাসিনা বেগম, উপসহকারী কৃষি অফিসার মেহেদী হাসান, জালাল আহম্মেদ, বিএডিসি ক্ষুদ্র ছেচ প্রকল্প অফিসার দিদার – ই- খোদা, রিসোর প্রোগ্রাম অফিসার আদিল হোসেন, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা। মনিটারিং ও ডকুমেন্টসন অফিসার দারুল ইসলামসহ ইউনিয়ন কৃষক জোটের সভাপতি, সাধারণ সম্পাদক বৃন্দ।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনা ও সঞ্চালনায় ছিলেন প্রকল্প সমন্বয়কারী অফিসার মশিউর রহমান।

কুষ্টিয়া শহর সমাজসেবা সমন্বয় পরিষদের মতবিনিময় সভা অনুষ্ঠিত

কাউকে পেছনে ফেলে উন্নয়ন সম্ভব নয় বলে জানিয়েছেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক ড. আবু সালেহ মোস্তফা কামাল। তিনি বলেন, কাউকে পেছনে ফেলে এগিয়ে যাওয়া সম্ভব নয়। বৈষম্যহীন সমাজ গঠনে প্রত্যেক মানুষের অবদান দরকার। আর প্রতিবন্ধীরা এখনো নানা সমস্যায় জর্জরিত। তাই ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সমাজ গঠনে প্রতিবন্ধীসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়ন ঘটাতে হবে। এ ক্ষেত্রে প্রথমে আত্মোন্নয়ন ঘটাতে হবে।

রবিবার সকালে শহর সমাজসেবা কার্যালয় চত্বরে কুষ্টিয়া শহর সমাজসেবা কার্যালয়াধীন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত বিভিন্ন ট্রেডে সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের মাঝে সনদপত্র বিতরণ ও সমন্বয় পরিষদ সদস্যদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন,‘বঙ্গবন্ধু খেটে খাওয়া সাধারণ শ্রমজীবী মানুষের কথা ভাবতেন। তিনি সমাজসেবায় সুদমুক্ত ঋণপ্রথা চালু করেছিলেন গরিব মানুষের কথা ভেবেই।

‘১৯৭৪ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম দেশের সাধারণ মানুষের জন্য সুদমুক্ত ক্ষুদ্রঋণ দেওয়ার ব্যবস্থা করেছিলেন। তিনি দেশের মানুষকে নিজের জীবনের চাইতেও বেশি ভালোবাসতেন।’

তবে তাই হোক, আমি তোমাদেরই লোক এমন বাক্য উচ্চারণ করে তিনি বলেন, আমি গ্রেটার কুষ্টিয়ার মানুষ। তাই দায়বদ্ধতা থেকে আমি এই কুষ্টিয়া শহর সমাজসেবাকে আরও এগিয়ে নিতে যা করনীয় আমার চেষ্টা অব্যাহত থাকবে। কুষ্টিয়ার ঐতিহ্যকে আরও সামনের দিকে এগিয়ে নিতে হবে এবং স্মার্ট বাংলাদেশ হিসেবে আমাদের গড়ে তুলতে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে বলেও জানান তিনি।

শহর সমাজসেবা কার্যালয় সমন্বয় পরিষদের সভাপতি জি. এম গোলাম মোস্তফার সভাপতিত্বে ও জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মুরাদ হোসেনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদপ্তর খুলনা বিভাগীয় অতিরিক্ত পরিচালক আবদুর রহমান,জেলা আওয়ামীলীগে সভাপতি ও জেলা পরিষদের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আবদুল কাদের, শহর সমাজসেবা অফিসার মো: জহির উদ্দিন, শহর সমাজসেবা কার্যালয় সমন্বয় পরিষদের সহসভাপতি আশরাফ উদ্দিন নজু, নির্বাহী কমিটির সদস্য তাইজাল আলী খান, জিপি এ্যাড. আসম আক্তারুজ্জামান মাসুম, ডা: আসমা জাহান লিজা, কাউন্সিলর সাইফুল হক চৌধুরী মুরাদ প্রমুখ।

অনুষ্ঠান শেষে শহর সমাজসেবা কার্যালয় চত্বরে কুষ্টিয়া শহর সমাজসেবা কার্যালয়াধীন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত বিভিন্ন ট্রেডে সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের মাঝে সনদপত্র বিতরণ ও ৬৬ জন সমাজের প্রান্তিকজনগোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী ও দলিত হরিজন ও অনগ্রসর জনগোষ্ঠীর মাঝে বিনাসুদে ২৪ লাখ টাকার ঋণ বিতরণ করেন অতিথিবৃন্দ।

জীবননগরে প্রাথীদের সাথে আইন-শৃঙ্খলা বিষায়ক মতবিনিময় সভা

আগামি ১৬ মার্চ জীবননগর উপজেলার ৬টি ইউনিয়নে অনুষ্ঠিত হতে যাচ্ছে ইউপি নির্বাচন । এই নির্বাচন উপলক্ষে প্রাথীদের সাথে আইন-শৃঙ্খলা বিষায়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে জীবননগর সরকারি থানা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা জেলার অতিরিক্তি জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আরাফাত রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা-জীবননগর) সার্কেল মোঃ মুন্না বিশ্বাস, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক, জীবননগর উপজেলা নির্বাচন অফিসার মোঃ মেজর আহম্মেদ প্রমুখ।

দামুড়হুদায় ইটভাটার পতিত জমিতে আউশধান আবাদের লক্ষ্যে মতবিনিময় সভা

দামুড়হুদায় উদ্বুদ্ধকরণের মাধ্যমে ইটভাটার পতিত জমিতে খরিপ-১ মৌসুমে আউশধান আবাদ বৃদ্ধিতে ইটভাটা মালিকবৃন্দের সাথে মতবিনিময়

সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকাল ৪টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। এসময় তিনি বলেন আমাদের দেশ কৃষি নির্ভর দেশ। দামুড়হুদা উপজেলায় যেসকল ইটভাটা আছে তা ইটের সিজেন ছাড়া বাদবাকি সময় পতিত অবস্থায় পরে থাকে। ওই সকল পতিত জমিতে যদি আউশধান উৎপাদন করা যায় তাহলে আমাদের নিজেদের খাদ্য চাহিদা পূরণ হবে। পাশাপাশি দেশের খাদ্য উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করবে। গতবছর এই উপজেলায় প্রায় ২৫০ বিঘা ইটভাটার পতিত জমিতে আউশধান চাষ হয়েছিল। এবছর তা বৃদ্ধি পেয়ে প্রায় ৩৫০ বিঘা জমিতে আউশধান চাষ হবে বলে আশা করছি।

শুধুমাত্র দামুড়হুদা উপজেলাতেই নয়, বাংলাদেশের যত ইট ভাটার পতিত জমি আছে সেখানে যদি এই আউশধান চাষ করা হয় তাহলে বাংলাদেশ খাদ্য উৎপাদনে আরো এক ধাপ এগিয়ে যাবে বলে তিনি মনে করেন। ইটভাটার পতিত জমি গুলো ব্যবহার করে তা আউশধান সহ বিভিন্ন লতা জাতীয় চাষের অনুকূলে এনে চাষাবাদ করলে দেশের খাদ্য উৎপাদনে বিরাট ভূমিকা পালন করবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, উপসহকারী কৃষি কর্মকর্তা সাইফুল ইসলাম, বদরুল আলম। উপজেলার ইটভাটার মালিক আমজাদ হোসেন, আ: কাদের, সঞ্জয় কুমার বোস, হাসান আলী, সামসুল হক, মহিউদ্দিন প্রমূখ।

দামুড়হুদায় জেলা পরিষদের

চেয়ারম্যানদের সাথে রেড ক্রিসেন্টের মতবিনিময় সভা

সারাদেশে রেড ক্রিসেন্ট এর ৬৮ টি ইউনিটে সক্ষমতা বৃদ্ধির মধ্য দিয়ে জনগোষ্ঠীর কাছে মানবিক সহায়তা পৌঁছানোর পথ আরো প্রশস্ত করতে জেলা পরিষদের চেয়ারম্যান গনের সাথে মত বিনিময় করেছেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি।

গতকাল রবিবার সকাল ১০টায় রাজধানীর রেডিসন হোটেলে আয়োজিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সভার উদ্বোধন করেন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রী মোহাম্মদ তাজুল ইসলাম এমপি।

এ সময় তিনি উপস্থিত জেলা পরিষদ চেয়ারম্যান গনের উদ্দেশ্য বলেন সমগ্র দেশব্যাপী রেড ক্রিসেন্ট এর বিস্তৃত স্বেচ্ছাসেবক নেটওয়ার্কে সরকারের বিভিন্ন মানবিক সহায়তা প্রকল্পে সম্পৃক্ত করলে আরো স্বচ্ছ জবাবদিহিতার সাথে কাজ করা সম্ভব হবে। এছাড়া সরকারের সহযোগি সংস্থা হিসেবে বিডিআরসিএস’কে স্থানীয় সরকার বিভাগ সহ সরকারের অন্যান্য সংস্থা গুলো আরো বেশি পরিমাণে আর্থিক সহায়তা প্রদান সহ স্বেচ্ছাসেবকদের মানবিক ও দক্ষ করে গড়ে তুলতে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা প্রয়োজন বলে আমি মনে করি।

মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান মেজর জেনারেল অব: এটিএম আবদুল ওয়াহ্হাব। তিনি উপস্থিত ইউনিট চেয়ারম্যান ও সেক্রেটারিদের উদ্দেশ্য বলেন স্থানীয় সম্পদের উপর ভিত্তি করে সকল ইউনিটকেই টেকসই উন্নয়নের মাধ্যমে নিজস্ব উদ্যোগে বিপদাপন্ন মানুষের কাছে মানবিক সহায়তা পৌঁছাতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। তবেই মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকারের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে এগিয়ে চলা সম্ভব হবে। সারাদেশে ৬৮ টি ইউনিটের মাধ্যমে রেড ক্রিসেন্ট প্রাকৃতিক ও মানব সৃষ্ট দুর্যোগে বিপন্ন মানুষের কাছে পরিষেবা পৌঁছায়। রেড ক্রস রেড ক্রিসেন্ট আন্দোলনে মূলনীতি অনুসরণ করে আত্মনির্ভরশীল ও টেকসই জাতীয় সোসাইটি হিসেবে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি কে প্রতিষ্ঠিত করতে ইউনিট গুলোর ভূমিকা ও করণীয় সম্পর্কে অবহিত করতেই সভার আয়োজন করা হয়।

সভায় উপস্থিত জেলা পরিষদের চেয়ারম্যান তথা সোসাইটির ইউনিট চেয়ারম্যানদের একত্রিত করে জেলা পরিষদসহ স্থানীয় বিভিন্ন সংস্থা প্রতিষ্ঠান ও দানশীল ব্যক্তির সহায়তায় বিভিন্ন ইউনিট কর্তৃক গৃহীত মানবিক কর্মকাণ্ড সংক্রান্ত তথ্য বিনিময় করা হয়। দিন ব্যাপী সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ৫১ জন ইউনিট চেয়ারম্যান, ৫৬ জন ইউনিট সেক্রেটারি, সোসাইটির ভাইস চেয়ারম্যান মোহাম্মদ নুর-উর-রহমান, ট্রেজার এম এ সালাম, ব্যবস্থাপনা পরিষদের সদস্য বৃন্দ, মহাসচিব, উপমহাসচিব, আই এফ আর সি বাংলাদেশ ডেলিগেশনের প্রধান সঞ্জীব কুমার কাফলে, আইসিআরসি বাংলাদেশের প্রধান কাথিয়া লরেঞ্জ, রেড ক্রিসেন্ট ইউনিট সেক্রেটারি গন, সিপিপি পরিচালক প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপ সচিব, সোসাইটির বিভিন্ন বিভাগের পরিচালক গণসহ অন্যান্য কর্মকর্তাগণ বৃন্দ, আইএফআরসি, আইসিআরসি, বিভিন্ন পার্টনার, ন্যাশনাল সোসাইটির প্রধান ও প্রতিনিধিগণ এবং সোসাইটির স্বেচ্ছাসেবকবৃন্দ।

মেহেরপুরে তথ্য অফিস আয়োজনে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক মতবিনিময় সভা

মেহেরপুর জেলা তথ্য অফিসের আয়োজনে ও জেলা প্রশাসনের সহযোগিতায় ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২ মার্চ) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ইব্রাহিম শাহিন, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষপদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

এসময় অতিথিরা তাদের বক্তব্যে বলেন বাংলাদেশ নির্মাণে প্রান্তিক পর্যায়ে নাগরিকদের স্মার্ট হওয়া খুব জরুরী ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় সম্পর্কে তারা তাদের নিজ নিজ মূল্যবান মতামত প্রদান করেন।

জেলা তথ্য অফিসার মোঃ আব্দুল্লাহ আল মামুন তার ধারণাপত্র উপস্থাপনায় ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের কি করণীয়’ ও স্মার্ট বাংলাদেশের চারটি ভিত্তি- স্মার্ট নাগরিক, স্মার্ট সরকার, স্মার্ট সমাজ এবং স্মার্ট অর্থনীতির ব্যাপারে বিস্তারিত ধারণা প্রদান করেন। এছাড়াও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের করণীয় সম্পর্কে গুরুত্বপূর্ণ মতামত ও বিশেষ সংযোজন হিসেবে আগামীর স্মার্ট বাংলাদেশ কেমন হবে এই সম্পর্কিত ভিডিও প্রদর্শন করা হয়।

শেষে সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, স্মার্ট বাংলাদেশ কেমন হবে এবং ডিজিটাল বাংলাদেশ ও স্মার্ট বাংলাদেশের মধ্যে পার্থক্য সুনির্দিষ্টভাবে তুলে ধরেন।

তিনি আরও বলেন স্মার্ট বাংলাদেশে স্মার্টলি সকল সেবা পাওয়া যাবে। এছাড়াও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলকে স্মার্টলি কাজ করার উপর গুরুত্ব আরোপ সহ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলের প্রচেষ্টা ও সহযোগিতা কামনা করেন।

উক্ত মতবিনিময় সভায় জনপ্রতিনিধি, বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তাগণ, সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় দুদিন ব্যাপি শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে মতবিনিময় সভা

“উনত রাষ্ট্রের অভিষ্ঠ লক্ষ্য পৌছাতে শিক্ষার কোন বিকল্প নেই” এই স্লোগানকে সামনে রেখে দুদিন ব্যাপি দর্শনায় প্রাথমিক শিক্ষক
- শিক্ষিকাদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

এ সভায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজলার (সদর উপজলার) আংশিক

সুপার আব্দুল্লাহ আল মামুন, দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার প্রকাশক ও সম্পাদক সরদার আলামিন, সহকারী পুলিশ সুপার মুনা বিশ্বাস, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ,লীগর সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু, দর্শনা থানার অফিসার ইসচার্জ এ এইচ লুৎফুল কবীর, দামুড়হুদা উপজলা প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার নাসির উদ্দীন, নুরু ইসলাম, শাহারিয়ার কবির।

শিক্ষকদর মধ্যে থেক দিকনির্দেশনা মুলক বক্তব্য রাখেন, দর্শনা পুর্ব রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুণ অর রশিদ, দর্শনা কাস্টামস সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হেলেনা পারভীন।
পরিশেষে প্রধান অতিথি এ মতবিনিময় সমাবেশের আলাচনা সভায় শিক্ষকদের মধ্যে থেকে যেসব সূচিন্তিত মতামত, পরামর্শ ও দিক-নির্দশনা ও সরকারের শিক্ষার মান সমূহসহ উন্নয়নের চিত্র তুলে ধরেন।অনুষ্টানটি সার্বিক পরিচালনা করেন দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ।

গাংনীতে ঈমামদের সাথে মতবিনিময় সভায় এমপি খোকন

আওয়ামীলীগ সরকার আলেম ওলামাদের যথাযথ মর্যাদা, সম্মান ও শ্রদ্ধা করেন। মাননীয় প্রধানমন্ত্রী দেশ রত্ন শেখ হাসিনা নিজেও আলেম ওলামাদের সম্মান ও শ্রদ্ধা করেন। মুসলিম দেশ হিসেবে একমাত্র আওয়ামীলীগ সরকারই দেশের প্রতিটি উপজেলায় একটি করে দৃষ্টি নন্দন মডেল মসজিদ নির্মাণ করেছেন। যাতে মানুষ একত্রিত হয়ে স্বাচ্ছন্দে সালাত আদায় করতে পারেন।

কোরআন ও হাদিস অনুযায়ী মানুষকে সঠিক শিক্ষা ও সঠিক বয়ানের মাধ্যমে মানুষকে বিপথ থেকে রক্ষা করা এবং কোরআন হাদিসের সঠিক ব্যাক্ষা বোঝানো প্রতিটি ঈমামের দায়িত্ব বলে মন্তব্য করেছে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। শনিবার বেলা ১১ টার সময় গাংনী কেন্দ্রীয় ঈদগাহ মাঠে উপজেলা ঈমাম